সংবাদ

তারিখ ২৫ NOV 2017
পৃষ্ঠা ১৭ কলাম ২

# পিইসি পরীক্ষা বন্ধের সিদ্ধান্ত হয়নি : গণশিক্ষামন্ত্রী

**জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ**

সরকার পুনরায় সিদ্ধান্ত না নেয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা চলবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। তিনি বলেন, প্রাথমিক সমাপনী পরীক্ষা বন্ধ হওয়ার কোন সিদ্ধান্ত নেই। তিনি আরও বলেন, প্রতি বছরের ন্যায় এবারও বছরের প্রথমেই শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়া হবে, সেই লক্ষ্যে ডিসেম্বরের ১৫ তারিখের মধ্যে স্ব স্ব বিদ্যালয়ে নতুন বই পৌঁছে যাবে। শিক্ষা নগরী হিসেবে পরিচিত ময়মনসিংহে গত বৃহস্পতিবার সকালে প্রাথমিক ও এবতেদায়ী সমাপনী পরীক্ষার কয়েকটি কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ শেষ করেছি, স্বাধীনতার পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৩৬ হাজার প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণ করেছিলেন সেই সব স্কুলে প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ শেষ হয়েছে। বাকি ২৬ হাজার স্কুলের শিক্ষক নিয়োগ এখনও বাকি রয়েছে, এগুলোর ব্যাপারেও আমরা প্রাথমিকভাবে পদ সৃষ্টির জন্য সরকারের কাছে চেয়েছি, অতিসত্বর অনুমোদন পেয়ে যাব।